ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৯৮
সোনামুড়া, ৩১ অক্টোবর, ২০২৫

**বক্সনগর ব্লকের বাগবেড় গ্রাম পঞ্চায়েতে রেগায় নানা কাজ**

গত অর্থবর্ষে চাষাবাদের সুবিধার্থে এম জি এন রেগার মাধ্যমে বক্সনগর ব্লকের বাগবেড় গ্রাম পঞ্চায়েত এলাকার ২ জন সুবিধাভোগী কৃষকের পতিত টিলা জমি সমতল করে দেওয়া হয়েছে। এ প্রকল্পে ব্যয় করা হয় ৪ লক্ষ ৮৫ হাজার ৪৮৪ টাকা। তাতে ২ হাজার ২৪৬টি শ্রমদিবস সৃষ্টি হয়। কৃষি কাজের সুবিধার জন্য আরও ২ জন সুবিধাভোগী কৃষকের জমি থেকে পলি অপসারণ করে দেওয়া হয়। এরজন্য ৩ লক্ষ ৩৪ হাজার ৯৭৬ টাকা ব্যয় করা হয় এবং ১ হাজার ৫১৮টি শ্রম দিবস সৃষ্টি হয়। বক্সনগর ব্লক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****